



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৪ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০১১.১৮.৫৭৮

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০

০৭ মে ২০২৩

### প্রজ্ঞাপন

বি.সি.এস.(সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে নামের পার্শ্বে বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে পিএইচ.ডি.(খন্ডকালীন) গবেষণা কোর্সে নিম্নোক্ত শর্তে অধ্যয়নের অনুমতি প্রদান করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, শিক্ষাবর্ষ, বিশ্ববিদ্যালয় ও গবেষণার শিরোনাম
০১	জনাব মোঃ মফিজ উদ্দিন (১৪৯৮৯) সহযোগী অধ্যাপক (ব্যবস্থাপনা) কুষ্টিয়া সরকারি সেন্ট্রাল কলেজ, কুষ্টিয়া।	পিএইচ.ডি.(খন্ডকালীন) শিক্ষাবর্ষ: ২০২২-২০২৩ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা। গবেষণার শিরোনাম: "Individual, household and social factors as determinants of entrepreneurial intension: A study on the female students of the tertiary education institutions of Bangladesh"

### শর্তাবলী:

- নিজ খরচে সম্পূর্ণ কোর্স সম্পন্ন করতে হবে;
- খন্ডকালীন কোর্সে অধ্যয়নের অজুহাতে দায়িত্ব পালনরত প্রতিষ্ঠানে স্বাভাবিক সরকারি দায়িত্ব পালনে বিঘ্ন ঘটাতে কিংবা দায়িত্ব পালনে বিরত থাকতে পারবেন না; কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের দিন ব্যতিত অধ্যয়নের অজুহাতে খন্ডকালীন গবেষক-কে কোন ছুটি প্রদান করা হবে না;
- উচ্চতর ডিগ্রি সম্পন্ন করাকালীন গবেষণার বিষয়টিকে অন্যত্র বদলী হওয়ার বা না হওয়ার অজুহাত হিসাবে ব্যবহার করা যাবে না;
- যথাসময়ে কোর্স সমাপ্তির পর কোর্স সমাপনীর প্রতিবেদন ও সার্টিফিকেটের কপি মন্ত্রণালয় ও মা.উ.শি অধিদপ্তরে দাখিল করতে হবে এবং
- কোর্স সম্পন্ন করে গবেষণা কর্মের উপর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম)-এ একটি প্রেজেন্টেশন প্রদান করতে হবে।

০২. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



৭-৫-২০২৩

মোসাঃ রোকেয়া পারভীন  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০১১.১৮.৫৭৮/১(৯)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০  
০৭ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) রেজিস্ট্রার.....
- ৩) অধ্যক্ষ.....
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) জনাব.....
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....